৬৭

আজকের কাগজ

তারিখ ... 01 FEB 1994 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... ২ ...

# ভর্তি পরীক্ষায় অসঙ্গতি ।। কৃষিবিজ্ঞান পড়ে কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায় না

উচ্চ মাধ্যমিক শ্রেণীতে কৃষিবিজ্ঞান পড়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষা দেয়া যায় না। গত '৯২-৯৩ সেশন এবং '৯৩-৯৪ সেশনের ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বিজ্ঞান বিভাগে আবশ্যকীয় বিষয় হিসেবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত অথবা জীব বিজ্ঞান এর যে কোনো একটি এবং ঐচ্ছিক বিষয় হিসেবে গণিত অথবা জীব বিজ্ঞান অর্থাৎ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত ও জীব বিজ্ঞান পড়ে পাস না করলে কোনো ছাত্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে পারবে না। কৃষি বিশ্ববিদ্যালয় এ দেশের কৃষি শিক্ষার একমাত্র উচ্চতর বিদ্যাপীঠ। এ বিশ্ববিদ্যালয় থেকে কৃষি সংক্রান্ত বিষয়ে উচ্চতর শিক্ষা দেয়া হয় এবং গবেষণা কার্য চালানো হয় যা বাংলাদেশের কৃষিতে ব্যাপক বিপ্লব সাধন করেছে। অথচ এ বিশ্ববিদ্যালয়ে কৃষি বিজ্ঞান পড়ে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগটুকু নেই। কিছুদিন পূর্বে কয়েকটি জাতীয় দৈনিকে সরকারের প্রেসনোটের সূত্র উল্লেখ করে খবর প্রকাশ করা হয়েছে যে সরকারিভাবে মাধ্যমিক শ্রেণী পর্যন্ত কৃষি বিজ্ঞান বাধ্যতামূলক করার পরিকল্পনা ভেবে দেখা হচ্ছে। এটা কৃষিনির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও মুক্তির জন্যে প্রশংসনীয় উদ্যোগ। সরকার যেখানে কৃষি বিজ্ঞান বাধ্যতামূলক করার উদ্যোগ নিচ্ছেন সেখানে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় কৃষি বিজ্ঞান পড়ার কারণে অংশগ্রহণ করা যাচ্ছে না। এই শর্তের ফলে বহু মেধাবী ছাত্র-ছাত্রী কৃষি বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।